



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

১৭ মার্চ, ২০২৫

এসএফডি সার্কুলার লেটার নং: ২

তারিখ:

০৩ চৈত্র, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

পরিবেশবান্ধব CMSME এবং নারী উদ্যোগ খাতে অর্থায়ন লক্ষ্যমাত্রা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এসএফডি সার্কুলার নং- ০২ তারিখ: ০৬ নভেম্বর ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাংলাদেশের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও টেকসই শিল্পায়নে কটেজ, মাইক্রো, স্মল ও মিডিয়াম (CMSME) খাতের পাশাপাশি নারী উদ্যোগ খাতের অবদান অন্তর্বীকার্য। সরকার কর্তৃক ঘোষিত Sustainable Development Goals এবং Intended Nationally Determined Contributions (INDCs) অর্জনের লক্ষ্যে CMSME খাতের পাশাপাশি অর্থনৈতিতে নারী ক্ষমতায়ন, লিঙ্গ বৈষম্য রোধ এবং নারীদের অংশগ্রহণকল্পে বিভিন্ন কর্মসূচি গৃহীত হয়েছে। তা সত্ত্বেও, CMSME এবং নারী উদ্যোগ খাতে কাঁথিত মাত্রায় অর্থায়ন হচ্ছে না। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এ খাতসমূহে অর্থায়ন বৃদ্ধিকল্পে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের ভূমিকা গুরুত্বপূর্ণ।

৩। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) CMSME এবং নারী উদ্যোগ খাতে অর্থায়ন বৃদ্ধির লক্ষ্যে পরিবেশবান্ধব অর্থায়নের (Green Finance) জন্য নির্ধারিত বার্ষিক ৫% লক্ষ্যমাত্রার ২৫% CMSME খাতে (যার মধ্যে ১৫% নারী উদ্যোগ খাত) এবং ২০% নারী উদ্যোগ খাতে বরাদ্দ নিশ্চিত করতে হবে।

(খ) ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক সংশ্লিষ্ট বছরে উল্লিখিত নির্ধারিত হারে অর্থায়ন নিশ্চিত করতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)

পরিচালক (এসএফডি)

ফোন: ৯৫৩০৩২০

E-mail: chowdhury.ali@bb.org.bd